

নিবন্ধনধারী ৬৫১ শিক্ষকের নিয়োগে হাইকোর্টের রুল

■ সমকাল প্রতিবেদক
বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ১ থেকে ১২তম নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণদের নিয়োগের বিষয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। রুলে মেধাতালিকা তৈরি করে ৬৫১ জনকে নিয়োগের নির্দেশ কেন দেওয়া হবে না, তা জানতে চাওয়া হয়েছে। একই সঙ্গে ১ থেকে ১২তম নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণদের জেলা ও উপজেলা কোর্ট করে তাদের কেন নিয়োগ দেওয়া হবে না, তা জানতে চাওয়া হয়েছে।

বিচারপতি নাইমা হায়দার ও বিচারপতি আবু তাহের মোহাম্মদ সাইফুর রহমান সম্মুখে গঠিত হাইকোর্ট বেঞ্চ গতকাল সোমবার এই রুল জারি করেন। আগামী চার সপ্তাহের মধ্যে শিক্ষা সচিব, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসিএ) চেয়ারম্যানসহ সংশ্লিষ্টদের এই রুলের জবাব দিতে বলা হয়েছে। আদালতে রিটের পক্ষে শুনানি করেন অ্যাডভোকেট ইউনুস আলী আকন্দ।